

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

(শুল্ক ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২/১২/১৪০৫ বাংলা। ১৬ই মার্চ, ১৯৯৯ ইংরেজী।

নং-এস,আর,ও ৫৬-আইন/৯৯/১৭৮০/শুল্ক।— Customs Act, 1969 (IV of 1969) এর Section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫১ -আইন/৯৭/১৭০৯/শুল্ক রহিত করিয়া উক্ত Act এর FIRST SCHEDULE এ বর্ণিত Heading No. 87.03 এর বিপরীতে আমদানিকৃত মটর গাড়ীর উপর আরোপিত আমদানি শুল্কের যে পরিমাণ শুল্ক মূল্য ভিত্তিক শতকরা [১৫%] এর অতিরিক্ত হয় সেই পরিমাণ আমদানি শুল্ক এবং সমুদয় সম্পূরক শুল্ক, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, মওকুফ করিল, যথা :-

\*[(১) ট্যাক্সিক্যাব হিসাবে ব্যবহারের লক্ষ্যে আমদানিকৃত \*\*[অনুর্ধ্ব ২০০০ সি,সি কিম্বা ১২৫০ সিসি এর কম নহে], ক্ষমতা সম্পন্ন নুতন অথবা অনধিক তিন (৩) বৎসরের পুরাতন মটর গাড়ী ও স্টেশন ওয়াগন, অতঃপর মটর গাড়ী বলিয়া উলিখিত, আমদানির ক্ষেত্রে উপরি-উক্ত শুল্ক রেয়াত সুবিধা প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, গাড়ীর বয়স উহার চেসিস তৈরীর তারিখের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গণনা করা হইবে এবং জাপান হইতে মটর গাড়ী আমদানির ক্ষেত্রে জাপানী অটোমোবাইল এ্যাসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিসবুক অনুসারে ও অন্যান্য দেশের ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটে লিখিত গাড়ী তৈরীর তারিখ অনুসারে নির্ধারিত হইবে];

(২) কেবলমাত্র Taxpayer Identification Number (TIN) প্রাপ্ত এবং ন্যূনতম ১০ লক্ষ টাকা Paid up Capital সম্পন্ন পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানী উক্তরূপ মটর গাড়ী আমদানি করিতে পারিবে এবং আমদানিকৃত মটর গাড়ী আমদানিকারী কোম্পানীর নামে বা অর্থায়নকারী ব্যাংক বা লিজিং কোম্পানীর নামে ট্যাক্সিক্যাব হিসাবে রেজিস্ট্রেশন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, রেয়াতী সুবিধার অপব্যবহার হইলে আমদানিকারী কোম্পানী, সংশ্লিষ্ট অর্থায়ন ব্যাংক বা লিজিং কোম্পানী যৌথভাবে ও এককভাবে সরকারের প্রাপ্য শুল্ক-কর পরিশোধে বাধ্য থাকিবে মর্মে আমদানিকারককে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট গ্যারান্টি প্রদান করিতে হইবে;

(৩) বিআরটিএ কর্তৃক নির্ধারিত ডিজাইন, রং ও অন্যান্য বৈশিষ্ট্যসম্পন্ন ও মিটারযুক্ত অবস্থায় মটর গাড়ী আমদানি করিতে হইবে;

<sup>১</sup> এস,আর,ও নং ১৬৯-আইন/২০০৭/২১৬০/শুল্ক, ১৪ আষাঢ় ১৪১৪ বঙ্গাব্দ/ ২৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ দ্বারা সংশোধিত।

- (৪) আমদানিকৃত মটর গাড়ীর চালান শুক্কায়নের সময় আমদানিকৃত মটর গাড়ী ট্যাক্সি সার্ভিস ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইবে না মর্মে একটি অঙ্গীকারনামা আমদানিকারককে সংশ্লিষ্ট শুক্ক কর্তৃপক্ষের বরাবরে দাখিল করিতে হইবে;
- (৫) শুক্কায়নের সময় আমদানি সংক্রান্ত সকল দলিলপত্রে “ট্যাক্সিক্যাব হিসাবে ব্যবহারের জন্য আমদানিকৃত” শব্দগুলি উলেখপূর্বক সংশ্লিষ্ট শুক্ক কর্তৃপক্ষকে সীল দিতে হইবে;
- (৬) আমদানিকৃত মোটরগাড়ী শুক্কায়ন ও খালাসের পর আমদানি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য শুক্ক কর্তৃপক্ষ সরাসরি বিআরটিএ -কে প্রেরণ করিবে এবং উক্ত তথ্য প্রাপ্তির পর বিআরটিএ -কে ট্যাক্সিক্যাব হিসাবে মোটরগাড়ী রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (৭) সাধারণ গাড়ীর উপর প্রযোজ্য স্বাভাবিক শুক্ক-কর পরিশোধ এবং সেই মর্মে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টম্‌স এর প্রত্যয়নপত্র ব্যতিরেকে এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতীহারে আমদানিকৃত এবং ট্যাক্সিক্যাব হিসাবে রেজিস্ট্রীকৃত কোন মোটর গাড়ী বিআরটিএ “ব্যক্তিগত গাড়ী” হিসাবে পুনরায় রেজিস্ট্রেশন করিতে পারিবে না;
- (৮) রেয়াতী শুক্কে আমদানিকৃত মোটরগাড়ী হস্তান্তর করা যাইবে না :
- তবে শর্ত থাকে যে, কোন বিশেষ প্রয়োজনে হস্তান্তরের প্রয়োজনীয়তা দেখা দিলে বিআরটিএ কেবলমাত্র ট্যাক্সিক্যাব হিসাবে উপ-দফা (২) এ উলিখিত কোন কোম্পানীর নিকট মোটরগাড়ী হস্তান্তরের অনুমতি প্রদান করিতে পারিবে;
- আরও শর্ত থাকে যে, অনুরূপ হস্তান্তরের পূর্বে হস্তান্তর গ্রহীতা কোম্পানিকে উপ-দফা (২) এবং (৪) অনুসারে নতুনভাবে সংশ্লিষ্ট শুক্ক কর্তৃপক্ষের নিকট গ্যারান্টি ও অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে।

২। দফা (১) এর উপ-দফা (৪) এ উলিখিত শর্ত ভংগকারী কোম্পানীর বিরুদ্ধে সংশ্লিষ্ট শুক্ক কর্তৃপক্ষ Customs Act, 1969 (IV of 1969) এর section 156(1) এর Table Gi Column 1 এর serial No. 10A এর বিপরীতে Column 2 এ বর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(খাজা গোলাম সারওয়ার)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

\* এস.আর.ও ১৫৮-আইন/২০০৩/২০১০/শুক্ক-তারিখ ১২জুন, ২০০৩ দ্বারা সংশোধিত।

\*\* এস.আর.ও ২৭৫-আইন/২০০৩/২০২১/শুক্ক-তারিখ ১৬-৯-২০০৩ দ্বারা সংশোধিত।